রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বুধবার, জুলাই ৩০, ২০২৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**শিল্প মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৯ শ্রাবণ, ১৪৩২ বঙ্গাব্দ/ ২৪ জুলাই, ২০২৫ খ্রিষ্টাব্দ

**এস, আর, ও নং ৩১৮-আইন/২০২৫।**—ওজন ও পরিমাপ মানদণ্ড আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৬ নং আইন) এর ধারা ৭২, ধারা ২৪ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার পণ্য মোড়কজাতকরণ বিধিমালা, ২০২১ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত বিধিমালার—

(১) বিধি ২ এর উপ-বিধি (১) এর—

(অ) দফা (১৪) এ উল্লিখিত “ব্রাণ্ড” শব্দটির পরিবর্তে “ব্র্যান্ড” শব্দটি প্রতিস্থাপিত হইবে;

(আ) দফা (১৫) এ উল্লিখিত—

(i) “ব্রাণ্ডনাম” শব্দটির পরিবর্তে “ব্র্যান্ডনাম” শব্দটি প্রতিস্থাপিত হইবে;

(ii) “আপেল” শব্দটির পরিবর্তে “অ্যাপল” শব্দটি প্রতিস্থাপিত হইবে; এবং

(iii) “নিশান” শব্দটির পরিবর্তে “নিসান” শব্দটি প্রতিস্থাপিত হইবে;

(ই) দফা (২২) এর উদাহরণ (২) এ উল্লিখিত “ব্রাণ্ডের” শব্দটির পরিবর্তে “ব্র্যান্ডের” শব্দটি প্রতিস্থাপিত হইবে;



**মূল্য :** টাকা ১৬.০০

(ঈ) দফা (২৮) এর উদাহরণ (১) ও (২) এ উল্লিখিত “ব্রান্ড” শব্দটির পরিবর্তে “ব্র্যান্ড” শব্দটি প্রতিস্থাপিত হইবে;

(উ) দফা (২৯) এর প্রান্তস্থিত “এবং” শব্দটি বিলুপ্ত হইবে; এবং

(ঊ) দফা (৩০) এর প্রান্তস্থিত দাঁড়ি (।) চিহ্নের পরিবর্তে সেমিকোলন (;) চিহ্ন ও “এবং” শব্দ প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ নূতন দফা (৩১) সংযোজিত হইবে, যথা:—

“(৩১) ‘b-মার্ক’ অর্থ ইনস্টিটিউট হইতে মোড়কজাতকরণের নিবন্ধন সনদপ্রাপ্ত বাংলাদেশে উৎপাদিত বা, প্রযোজ্য ক্ষেত্রে, আমদানিকৃত পণ্যের মোড়ক সংশ্লিষ্ট যাবতীয় দ্রব্যাদির ওজন বা পরিমাণ ব্যতিরেকে কেবল মোড়কের অভ্যন্তরস্থ বস্তুর নিট ওজন অথবা প্রকৃত পরিমাণ বা সংখ্যা।”;

(২) বিধি ৫ এর উপ-বিধি (২) এর ব্যাখ্যার শর্তাংশে উল্লিখিত “ব্রান্ড” শব্দটির পরিবর্তে “ব্র্যান্ড” শব্দটি এবং দুইবার উল্লিখিত “ব্রান্ড নাম” শব্দগুলির পরিবর্তে “ব্র্যান্ডনাম” শব্দটি প্রতিস্থাপিত হইবে;

(৩) বিধি ৯ এর উপ-বিধি (১) এ “পণ্যের নাম ও নিট পরিমাণ মূল প্রদর্শনী প্যানেলে প্রদর্শিত হইবে:” শব্দগুলি ও কোলন (:) চিহ্নের পরিবর্তে “পণ্যের পরিচয় বা নাম ও নিট পরিমাণ মূল প্রদর্শনী প্যানেলে ব্র্যান্ডনামের যথাসম্ভব সন্নিকটে বাংলায় উল্লেখ করিতে হইবে:” শব্দগুলি ও চিহ্ন প্রতিস্থাপিত হইবে;

(৪) বিধি ১২ এর—

(ক) উপ-বিধি (৩) এর শর্তাংশের প্রান্তস্থিত দাঁড়ি (।) চিহ্নের পরিবর্তে কোলন (:) চিহ্ন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ নূতন দুটি শর্তাংশ সন্নিবেশিত হইবে, যথা:—

“আরও শর্ত থাকে যে, যদি পণ্যের নিট ওজন, পরিমাণ বা সংখ্যা ঘোষণার ক্ষেত্রে ভগ্নাংশ আসে, তাহা হইলে দশমিক এর পরে সাধারণত দুই অংক ব্যবহার করিতে হইবে:

আরও শর্ত থাকে যে, রাসায়নিক জাতীয় পণ্যের সূক্ষ্ম পরিমাণ ঘোষণার ক্ষেত্রে, প্রয়োজনে, দশমিকের পরে দুই এর অধিক অংক ব্যবহার করা যাইবে।

**ব্যাখ্যা।**—রাসায়নিক জাতীয় পণ্য বলিতে ফার্মাসিউটিক্যাল বা কেমিক্যাল বা অনুরূপ জাতীয় পণ্য বুঝাইবে।”;

(খ) উপ-বিধি (৫) এর দফা (খ) বিলুপ্ত হইবে;

(৫) বিধি ২২ এর দফা (ঙ) এর উপ-দফা (আ) এ উল্লিখিত "ব্রান্ড নামের" শব্দগুলির পরিবর্তে "ব্র্যান্ডনামের" শব্দটি প্রতিস্থাপিত হইবে;

(৬) বিধি ৩২ এর উপ-বিধি (১) এর দফা (ঘ) এ উল্লিখিত "আমদানি" শব্দটির পরিবর্তে "আমদানিকৃত পণ্য পুনঃমোড়কজাতকরণের ক্ষেত্রে আমদানি সংক্রান্ত তথ্য ও কাগজাদি অনুযায়ী আমদানির তারিখ" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(৭) বিধি ৩৩ এর—

(ক) উপ-বিধি (১) এর পর নিম্নরূপ নূতন উপ-বিধি (১ক), (১খ) ও (১গ) সন্নিবেশিত হইবে, যথা:—

"(১ক) মোড়কজাতকারী কর্তৃক একাধিক জায়গায় পণ্য উৎপাদন বা মোড়কজাত করা হইলে সংশ্লিষ্ট ট্রেড লাইসেন্সে উল্লিখিত ঠিকানা অনুযায়ী পৃথকভাবে পণ্য মোড়কজাতকরণ নিবন্ধন সনদ গ্রহণ করিতে হইবে।

(১খ) এই বিধিতে যাহা কিছুই থাকুক না কেন, কোনো—

(অ) উৎপাদনকারী নিজে মোড়কজাত না করিয়া অন্য কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান বা কারখানার মাধ্যমে পণ্য উৎপাদন বা মোড়কজাত করিয়া নিজের বা নিজের পরিচিতিমূলক ব্র্যান্ড, লোগো বা চিহ্ন বা অনুরূপ বিষয়াদি ব্যবহার করিয়া উক্ত মোড়কজাত পণ্য বিপণন, বিক্রয় বা সরবরাহ করিলে, বা

(আ) মোড়কজাতকারী নিজে উৎপাদন বা মোড়কজাত না করিয়া অন্য কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান বা কারখানার মাধ্যমে পণ্য উৎপাদন বা মোড়কজাত করিয়া নিজের বা নিজের পরিচিতিমূলক ব্র্যান্ড, লোগো বা চিহ্ন বা অনুরূপ বিষয়াদি ব্যবহার করিয়া উক্ত মোড়কজাত পণ্য বিপণন, বিক্রয় বা সরবরাহ করিলে,

উক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান বা কারখানার অনুকূলেও মোড়কজাত নিবন্ধন প্রদান করা যাইবে।

(১গ) উপ-বিধি (১খ) এর বিধান অনুযায়ী নিবন্ধন প্রদান করা হইলে সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠান বা কারখানার নাম ও ঠিকানা উপ-বিধি (৩) ও উপ-বিধি (৪) এর অধীন প্রদত্ত নিবন্ধন সনদে এবং বিধি ৮ এ উল্লিখিত নির্দেশনা অনুযায়ী পণ্যের মোড়কে উল্লেখ করিতে হইবে।";

(খ) উপ-বিধি (২) এর ব্যাখ্যা অংশে উল্লিখিত "ব্রাণ্ড" শব্দটির পরিবর্তে "ব্র্যান্ড" শব্দটি প্রতিস্থাপিত হইবে;

(গ) উপ-বিধি (৭) এ উল্লিখিত "ব্রাণ্ড" শব্দটির পরিবর্তে "ব্র্যান্ড" শব্দটি প্রতিস্থাপিত হইবে; এবং

(ঘ) উপ-বিধি (৯) এ দুইবার উল্লিখিত "ব্রাণ্ড" শব্দটির পরিবর্তে "ব্র্যান্ড" শব্দটি প্রতিস্থাপিত হইবে;

(৮) বিধি ৩৪ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ৩৪ প্রতিস্থাপিত হইবে, যথা:—

"৩৪। **নিবন্ধন আবেদনের স্থান, ইত্যাদি।**—(১) কোনো উৎপাদনকারী বা মোড়কজাতকারী এই বিধিমালার অধীন নিবন্ধন সনদ গ্রহণ করিতে চাহিলে তাহাকে বিধি ৩৩ এর উপ-বিধি (২) ও বিধি ৮ এর উপ-বিধি (৩) এর বিধান অনুযায়ী সংশ্লিষ্ট ট্রেড লাইসেন্সে উল্লিখিত ঠিকানা অনুযায়ী আবেদন করিতে হইবে।

(২) এই বিধিমালার অধীন নিবন্ধন প্রদানের পূর্বে সংশ্লিষ্ট উৎপাদনকারী বা মোড়কজাতকারী ট্রেড লাইসেন্স, আয়কর সনদ, মূসক নিবন্ধন বা ট্রেড মার্ক সংক্রান্ত তথ্যাদি যাচাই করিতে পারিবে।";

(৯) বিধি ৩৫ এর উপ-বিধি (২) এ উল্লিখিত "ব্রাণ্ড" শব্দটির পরিবর্তে "ব্র্যান্ড" শব্দটি প্রতিস্থাপিত হইবে;

(১০) তফসিল-২ এর পরিবর্তে নিম্নরূপ তফসিল-২ প্রতিস্থাপিত হইবে, যথা:—

**"তফসিল-২**

[বিধি ৪ (১) ও ৩২ (১) (গ) দ্রষ্টব্য]

পণ্য মোড়কজাত করিবার নির্দিষ্ট পরিমাণ

নিম্নোক্ত টেবিলের কলাম (২) এ উল্লিখিত পণ্যসমূহ উহার বিপরীতে, ক্ষেত্রমত, কলাম (৩) ও (৪) এ উল্লিখিত নির্দেশনা ও পরিমাণ অনুযায়ী মোড়কজাত করিতে হইবে, যথা:—

**টেবিল**

| ক্রমিক নং | পণ্য | মোড়কজাতের নির্ধারিত পরিমাণ ও নির্দেশনা | |
|---|---|---|---|
| | | মোড়কজাতকরণের পরিমাণে সীমাবদ্ধতা নাই | মোড়কজাতকরণের সুনির্দিষ্ট পরিমাণ |
| (১) | (২) | (৩) | (৪) |
| ১। | মাতৃদুগ্ধ বিকল্প, শিশু খাদ্য | ১০০ গ্রামের নিম্নে | ১০০ গ্রাম, ১৫০ গ্রাম, ২০০ গ্রাম, ২৫০ গ্রাম, ৩০০ গ্রাম, ৩৫০ গ্রাম, ৪০০ গ্রাম, ৫০০ গ্রাম, ৬০০ গ্রাম, ৭০০ গ্রাম, ৭৫০ গ্রাম, ৮০০ গ্রাম, ৯০০ গ্রাম, ১ কেজি, ১.৫০ কেজি, ১.৮০ কেজি, ২ কেজি, ২.৫০ কেজি, ৩ কেজি, ৪ কেজি, ৫ কেজি এবং ১০ কেজি। |
| ২। | পাউরুটি ও কেক | ১০০ গ্রামের নিম্নে | ১০০ গ্রাম এবং এর পরবর্তী ১০ গ্রাম এর গুণিতক। |
| ৩। | মাখন এবং প্রাণী বা উদ্ভিদের চর্বি থেকে উৎপাদিত মাখনজাতীয় ভোজ্য পদার্থ (মারজারিন) | ৫০ গ্রামের নিম্নে | ৫০ গ্রাম, ৭৫ গ্রাম, ১০০ গ্রাম, ১৫০ গ্রাম, ২০০ গ্রাম, ২৫০ গ্রাম, ৩০০ গ্রাম, ৪০০ গ্রাম, ৫০০ গ্রাম, ৬০০ গ্রাম, ৭৫০ গ্রাম, ৮০০ গ্রাম, ১ কেজি, ১.৫০ কেজি, ২ কেজি, ৩ কেজি, ৪ কেজি, ৫ কেজি এবং পরবর্তী ১ কেজি এর গুণিতক। |
| ৪। | খাদ্য শস্য ও ডাল জাতীয় খাদ্য | ৫০ গ্রামের নিম্নে | ৫০ গ্রাম, ১০০ গ্রাম, ১৫০ গ্রাম, ২০০ গ্রাম, ২৫০ গ্রাম, ৩০০ গ্রাম, ৩৫০ গ্রাম, ৪০০ গ্রাম, ৫০০ গ্রাম, ১ কেজি, ১.৫০ কেজি, ২ কেজি, ৩ কেজি, ৪ কেজি, ৫ কেজি এবং পরবর্তী ১ কেজি এর গুণিতক। |
| ৫। | কফি | ১০০ গ্রামের নিম্নে | ১০০ গ্রাম, ১২৫ গ্রাম, ১৫০ গ্রাম, ১৮০ গ্রাম, ১৯০ গ্রাম, ২০০ গ্রাম, ২৫০ গ্রাম, ৩০০ গ্রাম, ৩৫০ গ্রাম, ৪০০ গ্রাম, ৫০০ গ্রাম, ১ কেজি এবং পরবর্তী ৫০০ গ্রাম এর গুণিতক। |

| ক্রমিক নং | পণ্য | মোড়কজাতের নির্ধারিত পরিমাণ ও নির্দেশনা | |
|---|---|---|---|
| | | মোড়কজাতকরণের পরিমাণে সীমাবদ্ধতা নাই | মোড়কজাতকরণের সুনির্দিষ্ট পরিমাণ |
| (১) | (২) | (৩) | (৪) |
| ৬। | এডিবল ওয়েল, বনস্পতি, ঘি, বাটারওয়েল | ১০০ গ্রামের নিম্নে | ১০০ গ্রাম, ১০০ গ্রাম হইতে ৫০০ গ্রাম পর্যন্ত ১০০ গ্রাম এর গুণিতক, ৫০০ গ্রাম, ১ কেজি, ২ কেজি, ৩ কেজি, ৪ কেজি, ৫ কেজি, ৬ কেজি, ৭ কেজি, ৮ কেজি, ৯ কেজি, ১০ কেজি এবং পরবর্তী ১ কেজি এর গুণিতক।<br>**নোট:** (১) পরিমাণ ভলিউমে ঘোষণা করিবার ক্ষেত্রে এই সংখ্যা মিলিলিটার এবং লিটারে উল্লেখ করিতে হইবে।<br>(২) এডিবল ওয়েল এর পরিমাণ ভলিউমে ঘোষণা করিতে হইবে। |
| ৭। | গুড়া দুধ | ১০০ গ্রামের নিম্নে | ১০০ গ্রাম, ১৫০ গ্রাম, ২০০ গ্রাম, ২৫০ গ্রাম, ৩০০ গ্রাম, ৩৫০ গ্রাম, ৪০০ গ্রাম, ৪৫০ গ্রাম, ৫০০ গ্রাম, ৬০০ গ্রাম, ৭০০ গ্রাম, ৭৫০ গ্রাম, ৮০০ গ্রাম, ৯০০ গ্রাম, ১ কেজি ১.৫০ কেজি ২ কেজি, ২.৫০ কেজি, ৩ কেজি এবং পরবর্তী ১ কেজি এর গুণিতক। |
| ৮। | ডিটারজেন্ট (পাউডার) | ১০০ গ্রামের নিম্নে | ১০০ গ্রাম, ১০০ গ্রাম হইতে ১ কেজি পর্যন্ত ৫০ গ্রাম এর গুনিতক, ১ কেজি এবং এর পরবর্তী ১০০ গ্রাম এর গুণিতক। |
| ৯। | চাল, চাল (গুড়া), ডাল, আটা, ময়দা, সুজি | ১০০ গ্রামের নিম্নে | ১০০ গ্রাম, ২০০ গ্রাম, ৫০০ গ্রাম, ১ কেজি, ২ কেজি, ৩ কেজি, ৪ কেজি, ৫ কেজি এবং পরবর্তী ১ কেজি এর গুণিতক। |

| ক্রমিক নং | পণ্য | মোড়কজাতের নির্ধারিত পরিমাণ ও নির্দেশনা | |
|---|---|---|---|
| | | মোড়কজাতকরণের পরিমাণে সীমাবদ্ধতা নাই | মোড়কজাতকরণের সুনির্দিষ্ট পরিমাণ |
| (১) | (২) | (৩) | (৪) |
| ১০। | লবণ | ১০০ গ্রামের নিম্নে | ১০০ গ্রাম, ১০০ গ্রাম হইতে ৯০০ গ্রাম পর্যন্ত ৫০ গ্রাম এর গুনিতক, ৯০০ গ্রাম, ১ কেজি, ২ কেজি, ৫ কেজি এবং পরবর্তী ১ কেজি এর গুণিতক। |
| ১১। | লন্ড্রি সাবান, সাবানবিহীন ডিটারজেন্ট (কেক/বার) এবং সকল প্রকার টয়লেট সোপ ও বাথ সোপ | ১৫০ গ্রামের নিম্নে | ১৫০ গ্রাম, ১৫০ গ্রাম এর পরবর্তী ২৫ গ্রাম এর গুণিতক। |
| ১২। | কার্বোনেটেড বেভারেজ, অ্যালকোহলমুক্ত বেভারেজ | ২০০ মি. লি. এর নিম্নে | ২০০ মি. লি., ২০০ মি. লি. হইতে ৯০০ মি. লি. পর্যন্ত ২৫ মি. লি. এর গুণিতক এবং ৯০০ মি. লি., ১ লিটার, ১.২৫ লিটার, ১.৫০ লিটার, ১.৭৫ লিটার, ২ লিটার, ২.২৫ লিটার, ২.৫০ লিটার, ৩ লিটার, ৪ লিটার এবং ৫ লিটার। |
| ১৩। | সিমেন্ট ও সিমেন্ট পেইন্ট (পাউডার) | সিমেন্ট: ৫০ কেজি;<br>সিমেন্ট পেইন্ট (পাউডার): ১ কেজি, ২ কেজি, ৩ কেজি, ৪ কেজি, ৫ কেজি, ১০ কেজি, ২০ কেজি, ২৫ কেজি ও ৪০ কেজি। | |
| ১৪। | রং, বার্নিশ, ইত্যাদি: | | |
| | (ক) রং<br>(পেস্ট পেইন্ট অথবা সলিড পেইন্ট ব্যতিত), বার্নিশ, বার্নিশ পরিষ্কারের উপাদান, অ্যানামেলস পেইন্ট | ৫০ মি. লি. এর নিম্নে | ৫০ মি. লি., ১০০ মি. লি., ২০০ মি. লি., ৪৫০ মি. লি., ৫০০ মি. লি., ৯০০ মি. লি., ১ লিটার, ২ লিটার, ৩ লিটার, ৩.৬০ লিটার, ৪ লিটার, ৫ লিটার এবং পরবর্তী ১ লিটার এর গুণিতক। |

| ক্রমিক নং | পণ্য | মোড়কজাতের নির্ধারিত পরিমাণ ও নির্দেশনা | |
|---|---|---|---|
| | | মোড়কজাতকরণের পরিমাণে সীমাবদ্ধতা নাই | মোড়কজাতকরণের সুনির্দিষ্ট পরিমাণ |
| (১) | (২) | (৩) | (৪) |
| | (খ) পেস্ট পেইন্ট এবং সলিড রং | ৫০০ গ্রামের নিম্নে | ৫০০ গ্রাম, ১ কেজি, ১.৫০ কেজি, ২ কেজি, ৩ কেজি, ৫ কেজি, ৭ কেজি, ১০ কেজি এবং পরবর্তী ১ কেজি এর গুণিতক। |
| | (গ) বেইজ পেইন্ট | ১০০ মি. লি. এর নিম্নে | ১০০ মি. লি., ২০০ মি. লি., ২৫০ মি. লি., ৪০০ মি. লি., ৪৫০ মি. লি., ৫০০ মি. লি., ৯০০ মি. লি., ১ লিটার, ১.৫০ লিটার, ২ লিটার, ২.৫০ লিটার, ৩ লিটার, ৩.৫০ লিটার, ৩.৬০ লিটার, ৪ লিটার, ৫ লিটার এবং পরবর্তী ১ লিটার এর গুণিতক। |
| ১৫। | সিরিয়াল প্রোডাক্টস, মল্ট বেইজড ফুড এবং এই জাতীয় পণ্য | ২০০ গ্রামের নিম্নে | ২০০ গ্রাম, ২০০ গ্রাম হইতে ৯০০ গ্রাম পর্যন্ত ৫০ গ্রাম এর গুণিতক এবং ১ কেজি, ১.৫০ কেজি, ২ কেজি, ৩ কেজি, ৪ কেজি, ৫ কেজি এবং পরবর্তী ১ কেজি এর গুণিতক। |
| ১৬। | ক্লিনিং এন্ড সেনিটারি লিকুইড | ১০০ মি. লি. এর নিম্নে | ১০০ মি. লি., ১৫০ মি. লি., ১৭৫ মি. লি., ২০০ মি. লি., ২৫০ মি. লি., ৩৫০ মি. লি., ৪০০ মি. লি., ৫০০ মি. লি., ৫০০ মি. লি., হইতে ৯০০ মি. লি. পর্যন্ত ১০০ মি. লি. এর গুণিতক, ৯০০ মি. লি., ১ লিটার এর পরবর্তী ৫০০ মি. লি. এর গুণিতক ( ঘোষণা ওজনে হইলে একক গ্রাম এবং কেজি হইবে)। |

| ক্রমিক নং | পণ্য | মোড়কজাতের নির্ধারিত পরিমাণ ও নির্দেশনা | |
|---|---|---|---|
| | | মোড়কজাতকরণের পরিমাণে সীমাবদ্ধতা নাই | মোড়কজাতকরণের সুনির্দিষ্ট পরিমাণ |
| (১) | (২) | (৩) | (৪) |
| ১৭। | ক্লিনিং পাউডার | ৫০ গ্রামের নিম্নে | ৫০ গ্রাম, ৭৫ গ্রাম, ১০০ গ্রাম, ১২৫ গ্রাম, ১৫০ মি. লি., ১৭৫ গ্রাম, ২০০ গ্রাম, ২৫০ গ্রাম, ৩০০ গ্রাম, ৪০০ গ্রাম, ৫০০ গ্রাম, ৭৫০ গ্রাম, ১ কেজি, ১.৫০ কেজি ২ কেজি এবং পরবর্তী ১ কেজি এর গুণিতক। |
| ১৮। | কনডেন্সড মিল্ক | ১০০ গ্রামের নিম্নে | ১০০ গ্রাম, ২০০ গ্রাম, ২৫০ গ্রাম, ৪০০ গ্রাম, ৫০০ গ্রাম, ১ কেজি, এবং পরবর্তী ১ কেজি এর গুণিতক। |
| ১৯। | নারিকেল তেল (সুগন্ধিযুক্ত অথবা সুগন্ধিবিহীন) | ১০০ মি. লি. এর নিম্নে | ১০০ মি. লি., ১২৫ মি. লি., ১৫০ মি. লি., ১৭৫ মি. লি., ২০০ মি. লি., ২২৫ মি. লি., ২৫০ মি. লি., ২৭৫ মি. লি., ৩০০ মি. লি., ৩৫০ মি. লি., ৪০০ মি. লি., ৫০০ মি. লি., ৭৫০ মি. লি., ১ লিটার, ১.৫০ লিটার, ২ লিটার এবং পরবর্তী ১ লিটার এর গুণিতক। |
| ২০। | হেয়ার অয়েলস | ১০০ মি. লি. এর নিম্নে | ১০০ মি. লি., ১২৫ মি. লি., ১৫০ মি. লি., ১৭৫ মি. লি., ২০০ মি. লি., ২২৫ মি. লি., ২৫০ মি. লি., ২৭৫ মি. লি., ৩০০ মি. লি., ৩৫০ মি. লি., ৪০০ মি. লি., ৫০০ মি. লি., ৭৫০ মি. লি., ১ লিটার পরবর্তী ১ লিটার এর গুণিতক। |

| ক্রমিক নং | পণ্য | মোড়কজাতের নির্ধারিত পরিমাণ ও নির্দেশনা | |
|---|---|---|---|
| | | মোড়কজাতকরণের পরিমাণে সীমাবদ্ধতা নাই | মোড়কজাতকরণের সুনির্দিষ্ট পরিমাণ |
| (১) | (২) | (৩) | (৪) |
| ২১। | মধু | ২০ গ্রামের নিম্নে | ২০ গ্রাম, ২৫ গ্রাম, ৫০ গ্রাম, ১০০ গ্রাম, ২০০ গ্রাম, ২৫০ গ্রাম, ৩০০ গ্রাম, ৪০০ গ্রাম, ৫০০ গ্রাম, ৭৫০ গ্রাম, ১ কেজি, ২ কেজি, ৫ কেজি এবং পরবর্তী ১ কেজি এর গুণিতক (ভলিউমে ঘোষণার ক্ষেত্রে একক মি.লি. এবং লিটারে হইবে)। |
| ২২। | **জ্যাম, সস, কেচাপ এবং অনুরূপ পণ্যঃ** | | |
| | (ক) কেচাপ, সস, চাটনি, আচার এবং অনুরূপ পণ্য | ১০০ গ্রাম এর নিম্নে | ১০০ গ্রাম, ১০০ গ্রাম হইতে ৫০০ গ্রাম পর্যন্ত ১০ গ্রাম অথবা ২৫ গ্রাম এর গুণিতক, ৬০০ গ্রাম, ৭৫০ গ্রাম এবং ১ কেজি এবং পরবর্তীতে ১ কেজি এর গুণিতক। |
| | (খ) জ্যাম, মারমালেডস এবং জেলি (টিনজাত) | ১০০ গ্রাম এর নিম্নে | ১০০ গ্রাম, ২০০ গ্রাম, ২৫০ গ্রাম, ৪০০ গ্রাম, ৫০০ গ্রাম, ৭৫০ গ্রাম, ১ কেজি এবং পরবর্তীতে ১ কেজি এর গুণিতক। |
| | (গ) জ্যাম, মারমালেডস এবং জেলি (বোতলজাত বা প্যাকেটজাত) | ১০০ গ্রাম এর নিম্নে | ১০০ গ্রাম এবং পরবর্তী ৫০ গ্রাম এর গুণিতক ১ কেজি পর্যন্ত এবং পরবর্তীতে ১ কেজি এর গুণিতক। |
| | (ঘ) স্কোয়াস, সিরাপ, জুস, ফ্রুট ড্রিংক্স এবং লিকুইড গ্লুকোজ | ৫০ মি. লি. এর নিম্নে | ৫০ মি.লি., ১০০ মি.লি., ২০০ মি.লি., ২৫০ মি.লি. ৩০০ মি.লি., ৪০০ মি.লি., ৫০০ মি.লি., ৭০০ মি.লি., ৭৫০ মি.লি., ১লিটার, ১.৫০ লিটার, ২ লিটার, ৩ লিটার, ৪ লিটার, ৫ লিটার এবং পরবর্তীতে ১ লিটার এর গুণিতক। |

| ক্রমিক নং | পণ্য | মোড়কজাতের নির্ধারিত পরিমাণ ও নির্দেশনা | |
|---|---|---|---|
| | | মোড়কজাতকরণের পরিমাণে সীমাবদ্ধতা নাই | মোড়কজাতকরণের সুনির্দিষ্ট পরিমাণ |
| (১) | (২) | (৩) | (৪) |
| | (ঙ) তরল দুধ (মিষ্টি, মিষ্টিহীন, সুগন্ধিযুক্ত, ইত্যাদি) | ৫০ মি. লি. এর নিম্নে | ৫০ মি.লি., ১০০ মি.লি., ২০০ মি.লি., ২৫০ মি.লি., ৪০০ মি.লি., ৫০০ মি.লি., ৭৫০ মি.লি., ১ লিটার, ১.৫০ লিটার, ২ লিটার, ৩ লিটার, ৪ লিটার, ৫ লিটার এবং পরবর্তী ১ লিটার এর গুণিতক। |
| ২৩। | সেভিং ক্রিম | ৫০ গ্রাম এর নিম্নে | ৫০ গ্রাম, ৭৫ গ্রাম, ১০০ গ্রাম, ১২৫ গ্রাম, ১৫০ গ্রাম এবং পরবর্তী ৫০ গ্রাম এর গুণিতক। |
| ২৪। | মিনারেল/ড্রিংকিং ওয়াটার | ১০০ মি.লি. এর নিম্নে | ১০০ মি.লি., ১৫০ মি.লি., ২০০ মি.লি., ২৫০ মি.লি., ৩০০ মি.লি., ৩৩০ মি.লি., ৪০০ মি.লি., ৪৫০ মি.লি., ৫০০ মি.লি. এর গুণিতক, ৭৫০ মি.লি., ১ লিটার, ১.২৫ লিটার, ১.৫০ লিটার, ২ লিটার এবং পরবর্তী ১ লিটার এর গুণিতক। |
| ২৫। | সীডস (Seeds), মসলা (আস্তা বা ভাঙ্গা), গুড়া মসলা (মরিচের গুড়া, হলুদের গুড়া এবং এই জাতীয় অন্যান্য পণ্য) | ৫০ গ্রাম এর নিম্নে | ৫০ গ্রাম, ৭৫ গ্রাম, ১০০ গ্রাম, ১২৫ গ্রাম, ১৫০ গ্রাম, ২০০ গ্রাম, ২৫০ গ্রাম, ৫০০ গ্রাম, ৭৫০ গ্রাম, ১ কেজি এবং পরবর্তী ৫০০ গ্রাম এর গুণিতক। |

| ক্রমিক নং | পণ্য | মোড়কজাতের নির্ধারিত পরিমাণ ও নির্দেশনা | |
|---|---|---|---|
| | | মোড়কজাতকরণের পরিমাণে সীমাবদ্ধতা নাই | মোড়কজাতকরণের সুনির্দিষ্ট পরিমাণ |
| (১) | (২) | (৩) | (৪) |
| ২৬। | চিনি, গুড় | ৫০ গ্রাম এর নিম্নে | ৫০ গ্রাম, ৭৫ গ্রাম, ১০০ গ্রাম, ১২৫ গ্রাম, ২০০ গ্রাম, ২৫০ গ্রাম, ৪০০ গ্রাম, ৫০০ গ্রাম, ৭৫০ গ্রাম, ১ কেজি, ১.৫০ কেজি, ২ কেজি, ৫ কেজি, এবং ১ কেজি এর গুণিতক। |
| ২৭। | সকর প্রকার সেমাই | ১০০ গ্রাম এর নিম্নে | ১০০ গ্রাম, ১২৫ গ্রাম, ২০০ গ্রাম, ২৫০ গ্রাম, ৩০০ গ্রাম, ৪০০ গ্রাম, ৫০০ গ্রাম, ৭৫০ গ্রাম, ১ কেজি এবং পরবর্তী ৫০০ গ্রাম এর গুণিতক। |
| ২৮। | সকল প্রকার নুডলস্ | ২০০ গ্রাম এর নিম্নে | ২০০ গ্রাম, ২৫০ গ্রাম, ৩০০ গ্রাম, ৪০০ গ্রাম, ৫০০ গ্রাম, ৭৫০ গ্রাম, ১ কেজি, এবং পরবর্তী ৫০০ গ্রাম এর গুণিতক। |
| ২৯। | ডেক্সট্রোজ মনোহাইড্রেট (গ্লুকোজ পাউডার) | ৫০ গ্রাম এর নিম্নে | ৫০ গ্রাম, ৭৫ গ্রাম, ১০০ গ্রাম, ১২৫ গ্রাম, ১৫০ গ্রাম, ২০০ গ্রাম, ২৫০ গ্রাম, ৩০০ গ্রাম, ৩৫০ গ্রাম, ৪০০ গ্রাম, ৫০০ গ্রাম, ৭৫০ গ্রাম ১ কেজি এবং পরবর্তী ৫০০ গ্রাম এর গুণিতক। |
| ৩০। | দই, রস মালাই, মাঠা, বোরহানী বা এই জাতীয় পণ্য | ৫০ গ্রাম এর নিম্নে | ৫০ গ্রাম, ৭৫ গ্রাম, ১০০ গ্রাম, ১২৫ গ্রাম, ১৫০ গ্রাম, ২০০ গ্রাম, ২৫০ গ্রাম, ৩০০ গ্রাম, ৩৫০ গ্রাম, ৪০০ গ্রাম, ৫০০ গ্রাম, ৭৫০ গ্রাম, ১ কেজি এবং পরবর্তী ৫০০ গ্রাম এর গুণিতক। |

| ক্রমিক নং | পণ্য | মোড়কজাতের নির্ধারিত পরিমাণ ও নির্দেশনা | |
|---|---|---|---|
| | | মোড়কজাতকরণের পরিমাণে সীমাবদ্ধতা নাই | মোড়কজাতকরণের সুনির্দিষ্ট পরিমাণ |
| (১) | (২) | (৩) | (৪) |
| ৩১। | সকল প্রকার সার | ৫০ গ্রাম এর নিম্নে | ৫০ গ্রাম, ১০০ গ্রাম, ১২৫ গ্রাম, ২০০ গ্রাম, ২৫০ গ্রাম, ৩০০ গ্রাম, ৪০০ গ্রাম, ৫০০ গ্রাম, এবং পরবর্তী ৫০০ গ্রাম এর গুণিতক। |
| ৩২। | লন্ড্রি সোপ পাউডার | ৫০ গ্রাম এর নিম্নে | ৫০ গ্রাম, ৭৫ গ্রাম, ১০০ গ্রাম, ১২৫ গ্রাম, ১৫০ গ্রাম, ২০০ গ্রাম, ২৫০ গ্রাম, ৩০০ গ্রাম, ৩৫০ গ্রাম, ৪০০ গ্রাম, ৫০০ গ্রাম, ৭৫০ গ্রাম, ১ কেজি এবং পরবর্তী ৫০০ গ্রাম এর গুণিতক। |
| ৩৩। | মাছের খাদ্য | ১০০ গ্রাম এর নিম্নে | ১০০ গ্রাম, ২০০ গ্রাম, ৩০০ গ্রাম, ৪০০ গ্রাম, ৫০০ গ্রাম, ১ কেজি, ২ কেজি এবং পরবর্তী ১ কেজি এর গুণিতক। |
| ৩৪। | পশু ও হাস-মুরগীর খাদ্য | ১০০ গ্রাম এর নিম্নে | ১০০ গ্রাম, ২০০ গ্রাম, ৫০০ গ্রাম, ১ কেজি, ২ কেজি এবং পরবর্তী ১ কেজি এর গুণিতক। |

(১১) তফসিল ৩ এর ক্রমিক (খ) এ উল্লিখিত "পাঁচ" শব্দটির পরিবর্তে "দুই বা পাঁচ" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(১২) তফসিল ৪ এর টেবিলের কলাম (১) এর ক্রমিক নং ১ এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

"১। এরোসলের উৎপাদিত পণ্য ওজন ও ভলিউম";

(১৩) তফসিল ৬ এর দফা (১) এ উল্লিখিত টেবিলের পরিবর্তে নিম্নরূপ টেবিল ও ব্যাখ্যা প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

**টেবিল**

"

| ক্রমিক নং | লট/ব্যাচ সাইজ | নমুনা সাইজ | সর্বোচ্চ গ্রহণযোগ্য ত্রুটি থেকে অধিক, কিন্তু উক্ত ত্রুটির দ্বিগুণের কম, এরূপ ত্রুটিপূর্ণ পণ্যের জন্য অনুমোদিত সংখ্যা | নমুনা সংশোধন ফ্যাক্টর, $SCF = \frac{-t0.005, n-1}{\sqrt{\frac{n(N-1)}{(N-n)}}}$ |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১। | ২১ থেকে ১০০০ পর্যন্ত | ১৫ | ১ এর বেশি নয় | ০ |
| ২। | ১০০১ থেকে ৪০০০ পর্যন্ত | ৩২ | ৩ এর বেশি নয় | ০.৩৭৯ |
| ৩। | ৪০০১ থেকে ১০,০০০ পর্যন্ত | ৮০ | ৫ এর বেশি নয় | ০.২৯৫ |
| ৪। | ১০,০০০ এর বেশি | ১২৫ | ৭ এর বেশি নয় | ০.২৩৪ |

**ব্যাখ্যা।**—উপরি-উক্ত টেবিলে $SCF = \frac{-t0.005, n-1}{\sqrt{\frac{n(N-1)}{(N-n)}}}$ বলিতে নিম্নলিখিত সূত্রকে বুঝাইবে,

যথাঃ—SCF (Sample Correction Factor) = নমুনা সংশোধন ফ্যাক্টর;

t0.005, n-1 = একটি পরিসংখ্যানগত সমন্বয়;

n = নমুনা সংখ্যা/সাইজ;

N = ব্যাচ সংখ্যা/সাইজ;

সংশোধনের গড় নির্ণয় পদ্ধতি (প্রযোজ্য ক্ষেত্রে),

$I + (SCF \times S) \leq Qn$;

এক্ষেত্রে, I = মোড়কজাতকৃত পণ্যের পরিসংখ্যানকৃত গড়;

Qn = পণ্যের মোড়কে ঘোষিত ওজন বা পরিমাণ; এবং

S = আদর্শ চ্যুতি।";

(১৪) তফসিল-৮ এর ফরম এর ক্রমিক ১ এর কলাম ৪ এ উল্লিখিত "ব্রান্ড নাম" শব্দগুলির পরিবর্তে "ব্র্যান্ডনাম" শব্দটি প্রতিস্থাপতি হইবে; এবং

(১৫) তফসিল-১০ এর—

(অ) ফরম-ক এর ক্রমিক ১ এর দফা (ঞ) এ উল্লিখিত "ব্রান্ড" শব্দটির পরিবর্তে "ব্র্যান্ড" শব্দটি প্রতিস্থাপিত হইবে; এবং

(আ) ফরম-খ এর ক্রমিক ১ এ উল্লিখিত "ব্রান্ড" শব্দটির পরিবর্তে "ব্র্যান্ড" শব্দটি প্রতিস্থাপিত হইবে।"।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আহসান মাহমুদ**
সহকারী সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd